গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩ বীর উত্তম এ, কে খন্দকার রোড
মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০৪৬.৩৯.০২৩.২৪. ৮2 তারিখ: ২২/০৫/২০২৫ খ্রিঃ

**বিষয়ঃ প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট এর আওতায় ভয়েস মেসেজের মাধ্যমে বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের ক্ষেত্রে ডিডিএম এর অনুকূলে বরাদ্দকৃত ১০৯০ কে শর্ট কোড হিসেবে ব্যবহারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট এর আওতায় বন্যা মৌসুমে প্রকল্প এলাকায় আগাম সতর্কবার্তা প্রেরণের জন্য রাইমসের সহায়তায় ভয়েস মেসেজ ব্রডকাস্টিং সিস্টেম তৈরি করা হয়েছে। উক্ত পোর্টালের মাধ্যমে বন্যা মৌসুমে বন্যার আগাম সতর্কবার্তা প্রকল্প এলাকার (কুড়িগ্রাম, জামালপুর এবং গাইবান্ধা জেলা) জনগণের মধ্যে ফোন কল এর মাধ্যমে প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্তমানে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর '১০৯০' শর্ট কোডটি টেলিটকের মাধ্যমে IVR টোল-ফ্রি পরিষেবার জন্য ব্যবহার করছে, যার মাধ্যমে দেশের যেকোনো প্রান্ত থেকে নাগরিকগণ দুর্যোগ সংক্রান্ত সর্বশেষ তথ্য জানতে পারছেন। "Voice Message Portal" সিস্টেমের মাধ্যমে কল প্রেরণ (Call Push) পদ্ধতি ব্যবহার করে জনগণের মাঝে দ্রুত ও কার্যকরভাবে আগাম সতর্কবার্তা পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে এ অধিদপ্তর পূর্বে বরাদ্দকৃত '১০৯০' শর্ট কোড ব্যবহার করতে আগ্রহী। '১০৯০' শর্ট কোডটি ইতোমধ্যে জনগণের নিকট দুর্যোগ সংক্রান্ত তথ্য পাওয়ার একটি সুপরিচিত মাধ্যম হিসেবে প্রতিষ্ঠিত। ফলে এই শর্ট কোডের মাধ্যমে বার্তা প্রেরণ করা হলে জনগণ সহজেই তা দুর্যোগ বিষয়ক নির্ভুল ও অনুমোদিত উৎসের তথ্য হিসেবে গ্রহণ করতে পারবে এবং প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে সক্ষম হবে। এই ক্ষেত্রে, '১০৯০' কোডের মাধ্যমে একটি দ্বৈত ব্যবহারের ব্যবস্থা প্রয়োজন, যেখানে:

- IVR সিস্টেম বিভিন্ন মোবাইল অপারেটর থেকে কল গ্রহণ করবে (Call Pull)
- Voice Message Portal বিভিন্ন মোবাইল অপারেটরে কল প্রেরণ করবে (Call Push)

এমতাবস্থায়, Voice Message Portal-এর মাধ্যমে কল প্রেরণের উদ্দেশ্যে পূর্বে বরাদ্দকৃত '১০৯০' শর্ট কোডটি ব্যবহারের অনুমোদন এবং '১০৯০' শর্ট কোডটি ব্যবহার যোগ্য করে তোলার জন্য সংশ্লিষ্ট মোবাইল অপারেটরদের সঙ্গে সমন্বয় নিশ্চিত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

22-05-25

**(রেজওয়ানুর রহমান)**
মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ফোনঃ ০২-৫৮৮১৫৪৯৫
E-mail: dg@ddm.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)
আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা।

**<u>অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:</u>**

০১।প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।

০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। প্রকল্প সমন্বয়ক, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৪। ব্যবস্থাপনা পরিচালক, ডিজিটাল সার্ভিসেস, টেলিটক বাংলাদেশ।

০৫। ব্যবস্থাপনা পরিচালক, বিডিকম অনলাইন লিমিটেড বাংলাদেশ।

০৬। উপপরিচালক, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, ঢাকা।

০৭। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।

০৮। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৯। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। অফিস কপি/ গার্ড ফাইল।